

কালের কণ্ঠ

আপডেট : ১৯ ডিসেম্বর, ২০১৮ ০১:৩৩

নোটিশ বোর্ড

ক্যাম্পাসে ক্যাম্পাসে বিজয় দিবস পালন




নানা কর্মসূচিতে দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পালিত হলো মহান বিজয় দিবস। কর্মসূচির মধ্যে ছিল জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, আলোচনাসভা, সংগীতানুষ্ঠান, চিত্রাঙ্কন, বিতর্ক প্রতিযোগিতা প্রভৃতি।

নর্থ সাউথ : দিবসটি উপলক্ষে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে আলোচনাসভার আয়োজন করা হয়। এতে প্রধান বক্তা ছিলেন শহীদ বুদ্ধিজীবী ড. আলীম চৌধুরীর মেয়ে নুজহাত চৌধুরী। বক্তব্য দেন উপাচার্য ড. আতিকুল ইসলাম।



মেরিটাইম : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বাংলাদেশে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য রিয়ার অ্যাডমিরাল এম খালেদ ইকবাল। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিল।



বুয়েট : সকালে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) প্রকৌশল অনুষদের ডিন ও উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. রফিক উল্লাহ। এ সময় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা।



ট্রাস্ট কলেজ : জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসের আনুষ্ঠানিকতা শুরু হয় রাজধানীর উত্তরার ট্রাস্ট স্কুল অ্যান্ড কলেজে। পরে কলেজের অধ্যক্ষ বশির আহম্মেদ ভূঁইয়ার সভাপতিত্বে আলোচনায় অংশ নেয় শিক্ষক-শিক্ষার্থীরা। অনুষ্ঠানে মুক্তযুদ্ধভিত্তিক গান, নাচ, আবৃত্তি ও শ্রুতিনাটক পরিবেশন করা হয়।



ডিজিটাল : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মুনায আহমেদ নূরের নেতৃত্বে সকালে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে তারা ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানায়।



ইসলামি আরবি : ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মুহাম্মদ আহসান উল্লাহর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা সকালে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আলোচনাসভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ এস এম এহসান কবীর।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com